

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১.০১.৫৯০০.০০০.২৭.০২১.২৩-১৭২ (২৬)

তারিখ-১০-০৮-২০২৩খ্রি।

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী নতুন ভাতাভোগী মনোনয়ন এবং জিটুপি পদ্ধতিতে ভাতা পরিশোধের নিমিত্তে অনলাইন আবেদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্র-৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২-৬৪০ তারিখ-২৬-০৭-২০২৩খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী নতুন ভাতাভোগী মনোনয়ন এবং জিটুপি পদ্ধতিতে ভাতা পরিশোধের নিমিত্তে অনলাইন আবেদন গ্রহণের জন্য আগামী ১৪-০৮-২০২৩খ্রি. তারিখ হতে ১০-০৯-২০২৩খ্রি. তারিখ পর্যন্ত সময়ের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, যে কোন কম্পিউটারের দোকান, এমনকি যে কোন স্মার্ট ফোন হতে <https://mis.bhata.gov.bd/online> application এই লিংকে প্রবেশ করে ভাতার জন্য আবেদন করা যাবে।

উল্লেখ্য, যারা ইতোমধ্যে ভাতা পাচ্ছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

আবেদন করতে যা যা লাগবে:-

বয়স্কভাতা-

১। এনআইডি কার্ড (বয়স: পুরুষ-৬৫ ও মহিলা-৬২ বা তদুর্ধ্ব)

২। নগদ হিসাব খোলা আছে এমন মোবাইল নাম্বার (ইতিপূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নাম্বার)

প্রতিবন্ধীভাতা-

১। এনআইডি কার্ড অথবা জন্মনিবন্ধন কার্ড

২। উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত সুবর্ণ নাগরিক কার্ড

৩। নগদ হিসাব খোলা আছে এমন মোবাইল নাম্বার (ইতিপূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নাম্বার)

বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাভাতা-

১। এনআইডি কার্ড

২। স্বামীর মৃত্যুর সনদ/ইউনিয়ন পরিষদ হতে প্রদত্ত বৈধ সনদ বা স্বামী নিগৃহীতা সনদ।

৩। নগদ হিসাব খোলা আছে এমন মোবাইল নাম্বার (ইতিপূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নাম্বার)

এমতাবস্থায়, জনস্বার্থে বিষয়টি ব্যাপকভাবে প্রচার এবং অনলাইন আবেদন করার ক্ষেত্রে সর্ব সাধারণকে সহযোগিতা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

(মাফুজা পারভীন চৌধুরী)
উপজেলা সমাজসেবা অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ (সকল) শ্রীনগর, মুন্সীগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।

০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

০৩. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

০৪. অফিস কপি।